

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৭৪.১৭(অংশ)-১৭৯

তারিখঃ ১৪ চৈত্র ১৪২৫  
২৮ মার্চ ২০১৯

বিষয়: কনটেম্পট পিটিশন নং-৭০/২১০১৯ (রিট পিটিশন নং-৪০০৮/২০১৭ হতে উদ্ধৃত) বিষয়ে ব্যবস্থা গ্রহণ করে গৃহীত ব্যবস্থা এ বিভাগকে অবহিতকরণ।  
সূত্র: (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের পত্র সংখ্যা ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৭৪.১৭(অংশ)-৯৯, তারিখ: ১৭.০২.২০১৯ খ্রি।  
(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের পত্র সংখ্যা ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৭৪.১৭(অংশ)-১২৬, তারিখ: ২৪.০২.২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার ভান্ডারিয়া উপজেলাধীন আব্দু গাফযালী ইসলামিয়া কামিল (হাতকোত্তর) মাদরাসার শূন্য পদে নিয়োগপ্রাপ্ত পিটিশনারগণকে (০৮ জন) এমপিও-তে অন্তর্ভুক্তকরণের দাবী করে জনাব আব্দুল্লাহ মাহমুদ, পিতা- মৃত মাওলানা মোহাম্মদ মোলতাজী, ভান্ডারিয়া, পিরোজপুর কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৪০০৮/২০১৭ দায়ের করা হয়।

০২। উক্ত রিট মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক গত ১৩.০৮.২০১৮ খ্রি. তারিখে নিম্নরূপ রায়/আদেশ দেয়া হয়:

The respondents are directed to release the government portion of salary, in the form of Monthly Payment Order (MPO) of the petitioners with arrear and other benefit, if any within 1 (one) month on receipt of this judgment and order without any fail.

০৩ উক্ত রিট মামলার রায় সরকারের বিপক্ষে ঘোষিত হওয়ায় সূত্রমূলের মাধ্যমে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়:

(i) রিট পিটিশন নং-৪০০৮/২০১৭ এর ১৩.০৮.২০১৮ খ্রি. তারিখের রায়/আদেশের বিরুদ্ধে আগামী ১৩.০৩.২০১৯ খ্রি. তারিখের মধ্যে রায় স্থগিতসহ আপীল দায়ের নিশ্চিতক্রমে সিভিল পিটিশন ফর লীড টু আপীল (CP) নম্বর উল্লেখপূর্বক আপীল দায়ের সংক্রান্ত প্রমাণকসহ তথ্যাদি এ বিভাগকে অবহিতকরণ।

(ii) বর্ণিত রিট মামলাটি সরকারের বিপক্ষে রায় হওয়ায় বিষয়টি গোচরে আসার সাথে সাথে তীর দপ্তর কর্তৃক কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ; সে বিষয় তথ্য (প্রমাণক) প্রেরণ।

(III) চলমান মামলাসমূহের বিষয়ে Monitoring জোরদারকরণ

০৪ এক্ষেপে, রিট পিটিশন নং-৪০০৮/২০১৭ মামলায় ১৩.০৮.২০১৮ খ্রি. তারিখের রায়ের বিষয়ে এবং কনটেম্পট পিটিশন নং-৭০/২১০১৯ এর বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের লক্ষ্যে নিম্নরূপ তথ্য প্রয়োজন:

ক. রিট পিটিশন নং-৪০০৮/২০১৭ মামলায় মহামান্য আদালত কর্তৃক প্রদত্ত রায়ের বিরুদ্ধে সিএমপি/সিপি দাখিল হয়েছে কিনা;

খ. সিএমপি/সিপি দায়ের হয়ে থাকলে সিএমপি/সিপি এর সর্বশেষ অবস্থা কী;

গ. সিএমপি/সিপি দায়ের না হয়ে থাকলে সিএমপি/সিপি দায়ের না হওয়ার কারণ কী;

ঘ. উক্ত রিট মামলার রায়ের বিরুদ্ধে কবে নাগাদ আপীল দায়ের সম্ভব হবে;

ঙ. উক্ত মামলার বিষয়ে টিএমইডির করণীয় কী?

০৫: এমতাবস্থায়, ০৩ নং অনুচ্ছেদ মতে চাহিত তথ্যসহ উপরিউক্ত চাহিত তথ্যাদি আগামী ০৩.০৩.২০১৯ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য সূত্র বর্ণিত ২ নং স্মারকের মাধ্যমে অনুরোধ করা হয়েছিল কিন্তু নিরিপ্ত সময়ের পর দীর্ঘ ২৫ দিন অতিক্রান্ত হওয়া সত্ত্বেও চাহিত তথ্য অদ্যাবধি পাওয়া যায়নি বিষয় আগামী ১১.০৪.১৯ খ্রি. মাধ্যমে চাহিত তথ্য প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলে।

(মো: জাহাঙ্গীর হোসেন খোপারী)

সিনিয়র সহকারী সচিব (আইন)

ফোন- ৯৫৮৬৫৮৩

মহাপরিচালক

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেবেল-৩,

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৫। উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৬. অফিস কপি/মাস্টার কপি